



## বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন

ই-মেইল : bgguidesho@gmail.com

ফোন : ০২-৪৮৩১৫৫০১



পত্র নং-গাগা/প্রকা/প্রশা/ ২০২২-৩১৬(১০)

তারিখ : ১৩/০৩/২০২২

### আন্তর্জাতিক নারী দিবস পালন

টেকসই আগামীর জন্য, জেডার সমতাই আজ অগ্রগণ্য এই প্রতিপাদ্য বিষয় নিয়ে বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশনের উদ্যোগে ১২ মার্চ, ২০২২ বেইলী রোড, গাইড অডিটোরিয়ামে পালিত হয় আন্তর্জাতিক নারী দিবস-২০২২। এ সময় বক্তারা পুষ্টি বিষয়ক সচেতনতার প্রতি জোর দেন। বালিকা, কিশোরী, তরুণীদের কৈশোরকালীন পুষ্টির প্রয়োজনীয়তা সম্পর্কে সময়োপযোগী সেশন দেন ডা: ফাতেমা আক্তার, পিএম, ন্যাশনাল নিউট্রিশন সার্ভিস।

দিবসটি উপলক্ষে এসোসিয়েশনের অবসরপ্রাপ্ত কর্মকর্তা কর্মচারীদের হাতে শুভেচ্ছা উপহার ও সম্মাননা ফ্রেস্ট তুলে দেন অনুষ্ঠানের সভাপতি ও প্রধান অতিথি জাতীয় কমিশনার কাজী জেবুন্নেছা বেগম, অতিরিক্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়। অনুষ্ঠানে অবসরপ্রাপ্তরা এসোসিয়েশনে চাকুরিকালীন তাদের অনুভূতির কথা ব্যক্ত করতে গিয়ে আবেগাপ্ত হয়ে পড়েন। এ ছাড়া দিনটিতে দুঃস্থদের মাঝে সহায়তা প্রদান ও ইয়েস গার্লস্ মুভমেন্ট প্রকল্প কার্যক্রমের কক্ষ উদ্বোধন করেন জাতীয় কমিশনার।

অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য দেন ডা: এস এম মোস্তাফিজুর রহমান, লাইন ডিরেক্টর, জাতীয় পুষ্টি সেবা, জনস্বাস্থ্য পুষ্টি প্রতিষ্ঠান। আরো বক্তব্য দেন ডা: এম এম আখতারুজ্জামান, থানা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তা, তেজগাঁও, ঢাকা, সাবিনা ফেরদৌস, ডেপুটি জাতীয় কমিশনার (প্রশাসন), প্রফেসর ড. ইয়াসমিন আহমেদ, ডেপুটি জাতীয় কমিশনার (প্রশাসন), তানজিনা বিনতে মোশাররফ, জেনারেল সেক্রেটারি, বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন। স্বাগত বক্তব্য দেন জাতীয় রেঞ্জার কাউন্সিলের সেক্রেটারি, তাহমিনা বিনতে সিরাজ।

স্বাস্থ্য অধিদপ্তর, স্বাস্থ্য কমপ্লেক্স, চক্ষু বিজ্ঞান ইনস্টিটিউশন হতে চিকিৎসক, হলদে পাখি, গাইড, রেঞ্জার, গাইডার, গাইড সদস্য, জাতীয় কার্যনির্বাহী কমিটির সদস্য অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। কবিতা আবৃত্তি, দলী সংগীত ও নৃত্য পরিবেশনের মধ্য দিয়ে অনুষ্ঠানের সমাপ্তি হয়।



বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশনের অবসরপ্রাপ্ত কর্মকর্তা কর্মচারীদের হাতে সম্মাননা ক্রেস্ট তুলে দেন জাতীয় কমিশনার কাজী জেবুন্নেছা বেগম



আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে মধ্যে উপবিষ্ট জাতীয় কমিশনার কাজী জেবুন্নেছা বেগম ও অন্য অতিথিগণ

স্বাক্ষরিত/-  
 সাবিনা বেগম  
 জনসংযোগ, প্রচার ও প্রকাশনা কর্মকর্তা